(একই স্বারক ও তারিখ ঠিক রেখে আংশিক সংশোধিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, টাঙ্গাইল
www.dae.tangail.gov.bd



স্মারক নম্বর- ১২.১৭.৯৩০০.০৪১.৪০.০১১.২৬- ২৩৩

তারিখ- ৩১ আগষ্ট ২০২৬

**রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ এর স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ তারিখ: ২৭/০৮/২০২৬ খ্রি. মোতাবেক টাঙ্গাইল জেলার ১২ (বারো) উপজেলার প্রতিটি পৌরসভা/ইউনিয়নে বিদ্যমান ডিলারের পাশাপাশি ১ (এক) জন করে নতুন ডিলার দ্রুত নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়নের সংখ্যা | ইউনিয়নের নাম |
|---|---|---|---|
| ১ | টাঙ্গাইল সদর | ১৩ টি | মগড়া, গালা, ঘারিন্দা, করটিয়া, ছিলিমপুর, পোড়াবাড়ি, দাইন্যা, বাঘিল, কাকুয়া, হুগড়া, কাতুলী, মাহমুদনগর, টাঙ্গাইল পৌরসভা |
| ২ | বাসাইল | ৭ টি | ফুলকী, বাসাইল সদর, কাউলজানী, কাশিল, কাঞ্চনপুর, হাবলা, বাসাইলপৌরসভা |
| ৩ | কালিহাতী | ১৫ টি | দুর্গাপুর, গোহালিয়াবাড়ী, সল্লা, দশকিয়া, নারান্দিয়া, বাংড়া, সহদেবপুর, পাইকড়া, বল্লা, কোকডহরা, বীরবাসিন্দা, নাগবাড়ী, পারখী, এলেঙ্গা পৌরসভা, কালিহাতী পৌরসভা |
| ৪ | ঘাটাইল | ১৫ টি | দেউলাবাড়ী, ঘাটাইল, জামুরিয়া, লোকেরপাড়া, আনেহলা, দিঘলকান্দি, দিগর, দেওপাড়া, সন্ধানপুর, সংগ্রামপুর, রসুলপুর, লক্ষিন্দর, ধলাপাড়া, সাগরদিঘি, ঘাটাইল পৌরসভা |
| ৫ | নাগরপুর | ১২ টি | ভারড়া, সহবতপুর, গয়হাটা, সলিমাবাদ, নাগরপুর, ধুবরিয়া, ভাদ্রা, দপ্তিয়র, মামুদনগর, মোকনা, পাকুটিয়া, বেকড়া, |
| ৬ | মির্জাপুর | ১৫ টি | মহেড়া, জামুর্কী, ফতেপুর, বানাইল, আনাইতারা, ভাতগ্রাম, ভাওড়া, উয়ার্শী, বহরিয়া, গোড়াই, আজগানা, তরফপুর, বাঁশতৈল, লতিফপুর, মির্জাপুর পৌরসভা |
| ৭ | মধুপুর | ১২ টি | শোলাকুড়ি, ফুলবাগচালা, কুড়াগাছা, মির্জাবাড়ি, গোলাবাড়ি, আলোকদিয়া, কুড়ালিয়া, মহিষমারা, আউশনারা, বেরীবাইদ, অরণখোলা, মধুপুর পৌরসভা |
| ৮ | ভুয়াপুর | ৭ টি | অর্জুনা, গাবসারা, ফলদা, গোবিন্দাসী, অলোয়া, নিকরাইল, ভুয়াপুর পৌরসভা |
| ৯ | গোপালপুর | ৮ টি | আলমনগর, মির্জাপুর, ধোপাকান্দি, নগদাশিমলা, ঝাওয়াইল, হাদিরা, হেমনগর, গোপালপুর পৌরসভা |
| ১০ | সখিপুর | ১১ টি | কাকড়াজান, বহেড়াতৈল, গজারিয়া, যাদবপুর, হাতিবান্ধা, কালিয়া, দাড়িয়াপুর, বহরিয়া, বড়চওনা, হতেয়া রাজাবাড়ী, সখিপুর পৌরসভা |
| ১১ | দেলদুয়ার | ৮ টি | দেলদুয়ার, পাথরাইল, আটিয়া, দেউলি, এলাসিন, লাউহাটি, ফাজিলহাটি, ডুবাইল |
| ১২ | ধনবাড়ী | ৮ টি | বীরতারা, বানিয়াজান, যদুনাথপুর, ধোপাখালী, পাইস্কা, মুশুদ্দি, বলিভদ্র , ধনবাড়ী পৌরসভা |
| | মোট | ১৩১ টি | |

**শর্তাবলী:**

(ক) " সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের বিপরীতে "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" বর্ণিত শত পুরণসাপেক্ষে আবেদন করতে হবে।

**(খ) আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার/ উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়নের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতাসম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/ রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স নূন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(গ) সারের ডিলারশীপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র :**

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট -০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র ( Cover Letter ) সহ আবেদন দাখিল করতে হবে;

২. আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত দলিলাদি / কাগজ পত্র জমা দিতে হবে;

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজে ছবি;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(ঘ) দোকান ওগুদামের পরিমাপের বর্ণনা সহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;

(ঙ) আর্থিক সচ্ছতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছতার সাম্প্রতিক সনদ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা,মাতা,পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটান দাখিলের সনদ।

(জ)আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

(ঝ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরুপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার /ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার /ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারো সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায় অনিয়ম/ কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশীপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/ থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশীপ / বিক্রয় প্রতিনিধিত্ব থাকলে পরিবারের অপর কেউ ডিলারশীপের/ বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সংজ্ঞা "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" দ্বারা নির্ধারিত হবে;

**(ছ) আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও স্থান:**

১. আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি: বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

২. আবেদনপত্র উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল এর দপ্তরে জমা দিতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এ্ই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মো: আশেক পারভেজ
উপপরিচালক
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
টাঙ্গাইল

স্মারক নং- ১২.১৭.৯৩০০.০৪১.৪০.০১১.২৬.২৩৩ তারিখ : ৩১/৮/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১। জনাব ফকীর মাহবুব আনাম স্বপন, মাননীয় মন্ত্রী, ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং মাননীয় সংসদ সদস্য , টাঙ্গাইল ০১ (সদয় অবগতির জন্য)
২। জনাব অ্যাডভোকেট আহমেদ আজম খান, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং মাননীয় সংসদ সদস্য , টাঙ্গাইল ০৮ (সদয় অবগতির জন্য)
৩। জনাব সুলতান সালাউদ্দিন টুকু, মাননীয় প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মাননীয় সংসদ সদস্য , টাঙ্গাইল ০৫ (সদয় অবগতির জন্য)
৪। জনাব আব্দুস সালাম পিন্টু, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০২ (সদয় অবগতির জন্য)
৫। জনাব লুৎফর রহমান মতিন, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০৪ (সদয় অবগতির জন্য)
৬। জনাব আবুল কালাম আজাদ সিদ্দিকী, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০৭ (সদয় অবগতির জন্য)
৭। জনাব রবিউল আউয়াল লাভলু, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০৬ (সদয় অবগতির জন্য)
৮। জনাব লুৎফর রহমান খান আজাদ, মাননীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-০৩ (সদয় অবগতির জন্য)
৯। পুলিশ সুপার, টাঙ্গাইল।
১০। জেলা প্রাণিসম্পদ অফিসার, টাঙ্গাইল।
১১। জেলা মৎস অফিসার, টাঙ্গাইল।
১২। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, টাঙ্গাইল।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল।
১৪। উপ পরিচালক, বিআরডিবি, টাঙ্গাইল।
১৫। উপ পরিচালক, (বীজ বিপণন), বিএডিসি, টাঙ্গাইল।
১৬। উপজেলা কৃষি অফিসার (সকল), টাঙ্গাইল।
১৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, টাঙ্গাইল (গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারে অনুরোধসহ)
১৮। সভাপতি, প্রেস ক্লাব, টাঙ্গাইল।
১৯। বিএফএ প্রতিনিধি, টাঙ্গাইল।
২০। সম্পাদক/প্রকাশক, আপনার বহুল প্রচারিত " দৈনিক আমার দেশ'' পত্রিকায় (১৩*৪) মাপ অনুযায়ী প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

মো: আশেক পারভেজ
উপপরিচালক
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
টাঙ্গাইল